

## ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)  
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৭০.২৩ নথির বিষয়: মডস জোন-৫ এর আওতাধীন বিভিন্ন পাম্প-স্টেশনের ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত-রক্ষণাবেক্ষন কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৫ এর আওতাধীন বিভিন্ন পাম্প-স্টেশনের ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত-রক্ষণাবেক্ষন কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

### অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৭/৭/২৩ ৪:৪৫ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিকগুলি দয়া করে দেখা যেতে পারে। মডস সার্কেল-২ এর আওতাধীন ৬৫৬ টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষন কাজ এফ.এম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। মডস জোন-৫ এর অধীনে ৬৪টি পাম্প স্টেশনে ৩০টি ডুয়াল কূপসহ মোট ৯৪টি গভীর নলকূপ চালু আছে। মডস জোন-৫ এর অভিযোগ কেন্দ্র হতে বিভিন্ন সময় টেলিফোনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে উল্লেখিত পাম্পসমূহ পরিদর্শন করে বৈদ্যুতিক সাব স্টেশনের ড্রপ-আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর, এইচটি/এলটি ক্যাবল কোন জ্বলা পাওয়া গিয়াছে। চলমান বর্ষা মৌসুমে বেশ কিছু পাম্প স্টেশনের ট্রান্সফরমারের অভ্যন্তরে আগাছা ও গাছ জন্মেছে। ট্রান্সফরমারের অভ্যন্তরে আগাছা থাকলে এইচটি ফল্ট ঘটে ড্রপ আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর ও এইচটি ক্যাবল কোন জ্বলে যাওয়ার আশংকা থাকে। সে কারণে ডেসকোর মাধ্যমে ইলেকট্রিক লাইন শাট-ডাউন নিয়ে আগাছা/গাছ ক্লিনিং করার প্রয়োজন রয়েছে। যে সকল সাব-স্টেশনের ট্রান্সফরমারের বেষ্টনী ভাঙ্গা তা মেরামত করতে হবে। উল্লেখ্য যে ট্রান্সফরমারের বেষ্টনী ভাঙ্গা থাকলে বেজি, বিড়ালসহ অন্যান্য প্রাণী ট্রান্সফরমারের সংস্পর্শে এসে এইচটি ফল্ট ঘটায়। আলোচ্য পাম্প-স্টেশনগুলোর মধ্যে বেশকিছু সাব-স্টেশন অনেক পুরাতন ও বেশ কয়েকটি পাম্পের এইচটি পোলের ড্রপ আউট ফিউজ ডাইরেস্ট/ন্যাকেড করা। যার ফলে ঝড়/বজ্রপাতের সময় সার্জ ভোল্টেজের কারণে ট্রান্সফরমার, এইচটি-এলটি ক্যাবল জ্বলে যেতে পারে। সাব-স্টেশনের ড্রপ আউট ফিউজ ও লাইটনিং এরেষ্টর যথাযথ আর্থিং-ওয়ারিংসহ স্থাপন করার জন্য ডেসকো হতে সুপারিশ করা হয়। এলটি সাইডের সেফটি ডিভাইস হিসাবে এলটি কাঠের বোর্ড, কাট আউট/ফিউজ ডিসকানেক্টর/সার্কিট ব্রেকার প্রভৃতি স্থাপন/প্রতিস্থাপনের প্রয়োজন রয়েছে। কিছু পাম্প স্টেশনের এলটি কাঠের বোর্ড জ্বলা, কাট আউট, সার্কিট ব্রেকার ডাইরেস্ট করা আছে যেগুলো জরুরী ভিত্তিতে পরিবর্তন করা প্রয়োজন। সে কারণে উপরোক্ত বর্ণনা ও পরিদর্শন রিপোর্টের (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট, সদয় দ্রষ্টব্য) আলোকে মডস জোন-৫ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ করার জন্য (বিবেচ্য সংযুক্তি: পূর্বানুমোদিত দর ও রেট সিডিউলের ফটোকপি, সদয় দ্রষ্টব্য) ভিত্তিতে (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের প্রতিবেদন, সদয় দ্রষ্টব্য) মোতাবেক (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের প্রাক্কলন, সদয় দ্রষ্টব্য) তৈরী করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট=৪,৯৮,১৫৭.১৪৫ (চার লক্ষ আটানব্বই হাজার একশত সাতান্ন দশমিক এক চার পাঁচ) টাকা মাত্র। আলোচ্য কাজটি (বিবেচ্য সংযুক্তি: এফ.এম বিভাগ-২ এর ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি, সদয় দ্রষ্টব্য) এর ক্রমিক নং-৪০, প্যাকেজ নং- PW-34 তে (LTM-eGp) অন্তর্ভুক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

### অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৭/৭/২৩ ৪:৫০ অপরাহ্ন

আলোচ্য কাজটি বিশেষ ধরনের বিধায় পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ বিধি অনুযায়ী সীমিত দরপত্র (LTM-eGp) পদ্ধতিতে দরপত্র আহ্বান করে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

### অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৭/৭/২৩ ৪:৫৪ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Repair-maintenance of electric sub stations of different pump station under MODS Zone-5, DWASA কাজে উপস্থাপিত মোট=৪,৯৮,১৫৭.১৪৫ (চার লক্ষ আটানব্বই হাজার একশত সাতান্ন দশমিক এক চার পাঁচ) টাকা মাত্র, টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র (LTM-eGp) পদ্ধতি এ দরপত্র আহবান করার অনুমোদন দেয়া যেতে পারে।



১৭/৭/২৩ ৫:৪০ অপরাহ্ন  
মোহাম্মদ শাহাদাত হোসেন  
উপ-সহকারী প্রকৌশলী  
এফ এম বিভাগ-২



১৭/৭/২৩ ৫:৪৭ অপরাহ্ন  
মোঃ মাহবুবুল হক প্রামানিক  
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)  
এফ এম বিভাগ-২



১৭/৭/২৩ ৫:৪৮ অপরাহ্ন  
সুজন চন্দ্র বর্মেন  
নির্বাহী প্রকৌশলী  
এফ এম বিভাগ-২



১৯/৭/২৩ ১১:৫৭ পূর্বাহ্ন  
মোঃ আরঃ লতিফ  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
আর পি ই এন্ড এম সার্কেল

১৯/৭/২৩ ১১:৫৭ পূর্বাহ্ন  
মোঃ কামরুল হাসান  
প্রধান প্রকৌশলী  
প্রধান প্রকৌশলী (পরিচালন ও  
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২০/৭/২৩ ৫:৫৬ পূর্বাহ্ন  
অনুমোদিত



২০/৭/২৩ ৫:৫৬ পূর্বাহ্ন  
মোঃ কামরুল হাসান  
প্রধান প্রকৌশলী  
প্রধান প্রকৌশলী (পরিচালন ও  
রক্ষণাবেক্ষণ)



২০/৭/২৩ ৮:২২ পূর্বাহ্ন  
সুজন চন্দ্র বর্মেন  
নির্বাহী প্রকৌশলী  
এফ এম বিভাগ-২




২০/৭/২৩ ৯:৪২ পূর্বাহ্ন  
মোঃ মাহবুবুল হক প্রামানিক  
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)  
এফ এম বিভাগ-২



২০/৭/২৩ ১২:১৫ অপরাহ্ন  
মোহাম্মদ শাহাদাত হোসেন  
উপ-সহকারী প্রকৌশলী  
এফ এম বিভাগ-২

অনুচ্ছেদ: ১.৪

দরপত্র আহবানের ব্যবস্থা নিন।



সুজন চন্দ্র বর্মেন  
নির্বাহী প্রকৌশলী  
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াসা।



নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা